Raiyan Knit Composite Ltd. **রাইয়ান নীট কম্পোজিট লিঃ** ওয়ার্ড- ০৫, হোল্ডিং নং এ-২১ এবং এ-২১/এ, হরতকিতলা, চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০	**নীতিমালার নামঃ বর্জ্য পদার্থ ডিসপোজাল নীতিমালা (ক্ষতিকারক এবং ক্ষতিকারক নয়)** **Waste Material Disposal Policy (Hazardous & none hazardous)**
	কার্যকর করণের তারিখঃ ০১/০১/২০১৯ ইং।
	পূণরায় নবায়েনর তারিখঃ ০১/০১/২০২০ ইং।
এই নীতিমালা কার্যকর করার দায়িত্বশীল ব্যক্তি	জি,এম (প্রশাসন, এইচআর, কমপ্লায়েন্স),ওয়েলফেয়ার অফিসার, কমপ্লায়েন্স অফিসার, মেডিকেল বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ।

১. নীতি বিবরণী ঃ রাইয়ান নীট কম্পোজিট লিঃ একটি ১০০% রপ্তানীমূখী পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান । এ কারখানার কতৃপক্ষ কারখানার অভ্যন্ড়র ও বাহ্যিক পরিবেশ সুন্দর ও দূষণমুক্ত রাখার ক্ষেত্রে বদ্ধ পরিকর। এ লক্ষ্যে যেহেতু পরিবেশ সংরক্ষণ ও পরিবেশ সচেতনতার জন্য অত্র ফ্যাক্টরী'র একটি সুসমন্বিত 'বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতি' থাকা প্রয়োজন সেহেতু কর্তৃপক্ষ কারখানায় ব্যবহৃত ও জমাকৃত যে কোন ধরনের বর্জ্য জাতীয় দ্রব্য/পদার্থ নিষ্কাষণ/নিঃসরণের লক্ষ্যে এ নীতিমালা প্রণয়ন করছে। এ পলিসি'র নাম হবে রাইয়ান নীট কম্পোজিট লিঃ এর "বর্জ্য ব্যবস্থাপনা নীতিমালা"। এ নীমিমালা অত্র কোম্পানী'র সকল ইউনিটের জন্য এ নীতিমালা প্রযোজ্য হবে।

২. পলিসি স্টেটমেন্টঃ এ পলিসি যে সকল কর্মপদ্ধতি বিবৃত করছে তা;

- অত্র কারখানা'র বিভিন্ন শ্রেণীর বর্জ্য পৃথকীকরন, ব্যবস্থাপনা,পরিবহন ও চুড়ান্ড় নিস্পত্তিকরণে সহায়ক হবে;
- প্রতিষ্ঠানের সকল শ্রমিক/কর্মচারীদের সঠিকভাবে বর্জ্য ব্যবস্থাপনায় উদ্‌ভুদ্ধ করবে;
- বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে বিখ্যাত (Reduce, Reuse and Recycle) পদ্ধতি অনুসৃত হবে। অবশিষ্ট বর্জ্য ট্রিটমেন্ট ও disposal করা হবে।

৩. নীতিমালা'র লক্ষ্য ও উদ্দেশ্যঃ

- যথাযথ বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে জনস্বাস্থ্য সুরক্ষা, নিরাপদ করা ও ঝুঁকি কমানো;
- বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ড় সকল আধুনিক ও বিজ্ঞানসম্মত পদ্ধতি অনুসরণ ও বাস্ড়বায়ন;
- বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে দেশের প্রচলিত সকল আইন-কানুন মেনে চলা।

৪.বর্জ্যের সংজ্ঞাঃ অত্র প্রতিষ্ঠানের উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট কঠিন, তরল ও বায়বীয় পদার্থ যা অত্র প্রতিষ্ঠান কতৃক বর্জনীয়।

৫.বর্জ্যের প্রকারভেদঃ অত্র প্রতিষ্ঠানের সৃষ্ট বর্জ্য জাতীয় দ্রব্য/ পদার্থের তালিকা নিম্নরূপ'

ক. কটন ওয়েস্টেজ
খ. ফেব্রিক ওয়েস্টেজ
গ. পোড়া তেল ওয়েস্টেজ
ঘ. স্যানিটারী ওয়েস্টেজ, মেডিক্যাল ওয়েস্টেজ
ঙ. পলি জাতীয় ওয়েস্টেজ
চ. পেপার ওয়েস্টেজ (গোপনীয় ও প্রকাশ্য)
ছ. কার্টুন ওয়েস্টেজ
জ. বৈদ্যুতিক ওয়েস্টেজ/ব্যবহৃত ব্যাটারী/আইটি হার্ডওয়্যার
ঝ. কেমিক্যাল ওয়েস্টেজ

৬. নিষ্কাষণ/নিঃসরণ পদ্ধতি ঃ

কটন জাতীয় ওয়েস্টেজ ঃ কারখানার অব্যবহৃত ও নষ্ট কটন জাতীয় ওয়েস্টেজগুলো প্রতিদিন উৎপাদন পয়েন্ট থেকে সংগ্রহ করে একটি নিদিষ্ট স্থানে সংরক্ষণ করা হবে এবং ৭ দিন অন্ড়র অন্ড়র জমাকৃত কটন জাতীয় ওয়েস্টেজগুলো ঠিকাদারের নিকট বিক্রি করা হবে। ব্যবহারযোগ্য সুতার ক্ষেত্রে 'রি-কোনিং' করে ব্যবহার করতে হবে।

ফেব্রিক জাতীয় ওয়েস্টেজ ঃ কারখানার নিটিং, ডাইং, ফিনিশিং ও কাটিং এ উৎপাদিত অব্যবহৃত ও নষ্ট ফেব্রিক জাতীয় ওয়েস্টেজগুলো প্রতিদিন ঐ সকল স্থান থেকে একটি নির্দিষ্ট স্থানে সংরক্ষণ করা হবে এবং ৭ দিন অন্ড়র অন্ড়র জমাকৃত ফেব্রিক্স জাতীয় ওয়েস্টেজগুলো ঠিকাদারের নিকট বিক্রি করা হবে।

পেপার, কার্টুন ও পলি জাতীয় ওয়েস্টেজ ঃ কারখানার অব্যবহৃত ও নষ্ট পেপার, কাটুন ও পলি জাতীয় ওয়েস্টেজগুলো প্রতিদিন স্ব-স্ব উৎপাদন স্থল থেকে সংগ্রহ করে একটি নির্দিষ্ট স্থানে সংরক্ষণ করা হবে এবং ৭ দিন অন্ড়র অন্ড়র জমাকৃত পেপার, কার্টুন ও পলি জাতীয় ওয়েস্টেজগুলো ঠিকাদারের নিকট বিক্রি করা হবে।

জেনারেটর ও বিভিন্ন মেশিনের পোড়া তেল জাতীয় পদার্থ ঃ সুইং মেশিন এবং জেনারেটরের লুব্রিকেটিং ওয়েল পরিবর্তন করার সময় যে সমস্ড় অয়েল ব্যবহার অযোগ্য বলে গণ্য হয়, তা বদলানোর পর নির্দিষ্ট ড্রামে রাখা হবে। কিছুদিন অন্ড়র অন্ড়র এ ব্যবহার অযোগ্য অয়েল সমিলে ব্যবহারের জন্য বিক্রি করা হবে।

সেনেটারী ওয়েস্টেজ ঃকারখানায় ব্যবহৃত সকর ধরনের সেনেটারী ওয়েস্টেজগুলো প্রতিদিন প্রথমে কারখানার নির্ধারিত ড্রামে জমা করা হবে এবং কিছুদিন পর পর পৌরসভা'র ক্লিনার দ্বারা স্থানীয় সরকারী ডাষ্টবিনে ফেলার ব্যবস্থা করা হবে।

মেডিক্যাল ওয়েস্টেজ ঃ মেডিক্যাল রুমে সকর ধরনের ওয়েস্টেজগুলো একটি ড্রামে সংরক্ষণ করা হবে। এরপর দিন শেষে সেগুলো একটি নির্দিস্ট স্থানে মাটি গর্ত করে পুতে (deep burial) ফেলা হবে।

কেমিক্যাল ওয়েস্টেজ ঃ ডাইং ও ফিনিশিং এর ফলে সৃষ্ট তরল কেমিক্যাল জাতীয় ওয়েস্টেজগুলো প্রথমে E.T.P (Effluent Treatment Plant) তে সংগ্রহ করে ট্রিটমেন্ট এর মাধ্যমে বিশুদ্ধকরণ করে পানির বিভিন্ন মানমাত্রা দেশের জন্য নির্ধারিত মানমাত্রায় উনানীত হওয়ার পর বহির্গমন ড্রেনে নিষ্কাষণ করা হবে।

বৈদ্যুতিক ওয়েস্টেজ/ব্যবহৃত ব্যাটারী/আইটি হার্ডওয়্যার ঃ কারখানার বৈদ্যুতিক যন্ত্রপাতি বিনষ্ট হওয়ার পর মেরামতের অযোগ্য হলে ঐ সকল অব্যবহৃত ও নষ্ট বৈদ্যুতিক জাতীয় ওয়েস্টেজগুলো একটি নির্দিষ্ট স্থানে সংরক্ষণ করা হয় এবং এক মাস অন্ড়র অন্ড়র জমাকৃত বৈদ্যুতিক জাতীয় ওয়েস্টেজগুলো ঠিকাদারের নিকট বিক্রি করা হয় ।

৭. ডিসপোজাল পূর্ববর্তী চিহ্নিতকরণ সংগ্রহ ও সংরক্ষণঃ

- যে সকল ফ্লোরে বর্জ্য তৈরী হয় সেগুলি সংগ্রহের আগে যাতে কেউ ধরতে বা অন্যত্র নিতে না পারে সে ব্যাপারে স্ব-স্ব ফ্লোরের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে সতর্কতা অবলম্বন করতে হবে।
- বর্জ্যবাহী ট্রলি, কনটেইনার, ইত্যাদি যত্র তত্র বিনা পাহারায় রাখা যাবে না।
- প্রয়োজনবোধে বিভিন্ন ধরনের বর্জ্যের জন্য পলিব্যাগ, ট্রলি ও WHO অনুমোদিত কালার কনটেইনার ব্যবহার করতে হবে।
- বিক্রি, স্থানান্ড়র বা নিস্পত্তির জন্য রক্ষিত বর্জ্যসমুহ যথাসম্ভব ট্যাগিং করে রাখতে হবে। ধারালো দ্রব্যাদিও বাক্স উৎপাদনকারী নিজ দায়িত্বে কন্টেইনারে সীল করে বর্জ্য ষ্টোরেজের স্থানে জমা দিয়ে আসতে হবে।
- বর্জ্য জমা রাখার স্থান যুৎসই কিনা তা বারংবার পরীক্ষা করে নিশ্চিত হতে হবে।

৮. বর্জ্য স্থানান্ড়রঃ

- বর্জ্য দ্রব্যাদি নির্ধারিত সময়সূচী অনুযায়ী অনুমোদিত ব্যক্তি/প্রতিষ্ঠানের কাছে হস্তান্ড়র করতে হবে।
- বর্জ্য গ্রহীতা ফ্যাক্টরী থেকে সংগৃহীত বর্জ্য সরকার অনুমোদিত পন্থায় স্থানান্ড়র ও ডিসপোজাল করতে হবে।
- ক্ষতিকর ও নিরাপদ বর্জ্য আলাদা আলাদাভাবে পরিবহন করতে হবে।
- বর্জ্য পরিবাহী গাড়ী হাইওয়েতে চলার উপযোগী কি না তা বর্জ্য সরবরাহের আগে ফ্যাক্টরীর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নিশ্চিত হতে হবে।
- হস্ড়ান্ড়রিত বর্জ্যের রেকর্ড ফ্যাক্টরীতে সংরক্ষণ করতে হবে।

৯। বর্জ্য ট্রিটমেন্ট ও চুড়ান্ড় নিস্পত্তিঃ

- ট্রিটমেন্টযোগ্য বর্জ্য (ডাইং/ফিনিশিং থেকে নির্গত তরল বর্জ্য, প্রিন্টিং থেকে উৎপাদিত বর্জ্য মেডিকেল বর্জ্য ইত্যাদি) ডিসপোজাল এর আগে যথাযথ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পরিশোধন করা হবে।

- তরল বর্জ্য পরিশোধনের ক্ষেত্রে দেশের প্রচলিত আইনে নির্ধারিত পানির DO, BOD, COD, TDS ইত্যাদির সঠিক মান নিশ্চিত না হওয়া পর্যন্ত তা ফ্যাক্টরী'র বাইরে নিঃসরণ করা হবে না।
- চুরান্ড় নিষ্পত্তিযোগ্য বর্জ্য যথাযথ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে (যথা deep burial, incineration, auto clave ইত্যাদি) পরিশোধন করা হবে।

১০। **দায়দায়িত্বঃ** ফ্যাক্টরী'র বর্জ্য ব্যবস্থাপনা তদারকির জন্য নিম্নরূপ ৫ সদস্যের একটি কমিটি থাকবে;

(১) আহবায়কঃ ম্যানেজার (ম্যানটেনেন্স)
(২)সদস্যঃ সহঃ ম্যানেজার (কমপ্লায়েন্স)
(৩) সদস্যঃ মেডিক্যাল অফিসার
(৪)সদস্যঃ ইটিপি ইনচার্জ
(৫)সদস্যসচিবঃ ইনচার্জ (হাউজ কিপিং)

- ফ্যাক্টরী'র বর্জ্য ব্যবস্থাপনা দেশের প্রচলিত আইনের বিধান অনুযায়ী পরিচালিত হচ্ছে কি না তা নিশ্চিত করবেন;
- সকল কর্মকর্তা/কর্মচারী/শ্রমিক কে এ নীতিমালার বিধান অনুযায়ী বর্জ্য হ্যান্ডলিং এর বিষয়ে উদ্বুদ্ধ করবেন;
- বর্জ্য ব্যবস্থাপনার সকল রেকর্ড সংরক্ষণের ব্যবস্থা করবে;
- নিয়মিত পর্যালোচনা করে বর্জ্য ব্যবস্থাপনায় কোনরূপ উন্নয়নের প্রয়োজন হলে তা কতৃপক্ষের নিকট সুপারিশ করবে;
- যে সকল প্রতিষ্ঠান বর্জ্য ব্যবস্থপনা সার্ভিস দিয়ে থাকে তাদের যোগ্যতা ও আইন কানুন মেনে চলার প্রবণতা পর্যালোচনা করবে;
- বর্জ্য ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্টদের নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করা;
- বর্জ্য ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় ফান্ড চেয়ে কতৃপক্ষের নিকট প্রস্তাব পাঠাবে;
- দেশে বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত কোন নূতন আইন প্রবর্তিত হলে সে অনুযায়ী ব্যবস্থাপনাকে ঢেলে সাজাবে;

১১. প্রশিক্ষণঃ ফ্যাক্টরী'র সুষ্টু বর্জ্য ব্যবস্থাপনার জন্য সবচেয়ে জরুরী প্রশিক্ষণ। প্রতি মাসে নূতনদের জন্য প্রশিক্ষণ ও পুরাতনদের জন্য ৬ মাস অন্তর অন্তর নবায়ন (refresher) কোর্স আয়োজন করা হবে। প্রশিক্ষণে নিম্নবর্ণিত বিষয়াদি অন্তর্ভূক্ত থাকবে;

- অত্র পলিসি ও দেশের বর্জ্য বিষয়ক আইন কানুন সম্পর্কে সম্যক ধারণা প্রদান;
- বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রশিক্ষণার্থীদের দায়িত্ব ও কর্তব্য;
- বর্জ্য পৃথকিকরন সম্পর্কে হাতে কলমে প্রশিক্ষণ;
- বর্জ্যেও জন্য ব্যবহৃত কনটেইনার ও ষ্টোর চিনিয়ে দেয়া;
- বর্জ্য স্থানান্তর ট্রিটমেন্ট ও নিষ্পত্তিকরণ বিষয়ে সচেতনতা সৃষ্টি;
- বর্জ্য ব্যবস্থাপনায় ব্যবহার্য যন্ত্রপাতির নিরাপদ ব্যবহার।

১২। কার্যকরকরণঃ এ নীতিমালা জারীর পর থেকেই কার্যকর বলে গণ্য হবে এবং অত্র ফ্যাক্টরীর সকলে এ নীতিমালা অনুযায়ী স্ব স্ব কার্যাদি সম্পন্ন করবেন।

প্রনয়ণকারীঃ

অনুমোদনকারী

এ. কে. এম জহিরুল হক
জি এম-(এডমিন, এইচ আর এন্ড কমপ্লাইনস্)

(সৈয়দ নাজমুল হাসান)
ব্যবস্থাপনা পরিচালক